গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.bpsc.gov.bd

যে-কোনো ধরনের তদ্‌বির প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচনা করা হবে

৫১তম বি.সি.এস. (বিশেষ) এর লিখিত পরীক্ষা (MCQ Type)

নম্বর- ৮০.০০.০০০০.২০০.৫০.০৩৪.২৬- ২৯০

তারিখ: ০৮ অগ্রহায়ণ ১৪৩৩ / ২৩ নভেম্বর ২০২৬

প্রেস বিজ্ঞপ্তি

বিষয় : ৫১তম বি.সি.এস. (বিশেষ) লিখিত পরীক্ষার (MCQ Type) পরীক্ষার্থীদের পরীক্ষা হলে উপস্থিতি।

পরীক্ষা হলে অনাকাঙ্ক্ষিত পরিস্থিতি এড়িয়ে চলার লক্ষ্যে হাজিরা তালিকায় পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন নম্বর জোড় ও বিজোড়ে বিন্যস্ত করে এবং প্রতিটি রেজিস্ট্রেশন নম্বর কক্ষভিত্তিক দৈবচয়ন (Random) প্রক্রিয়ায় হাজিরা তালিকা প্রস্তুত করা হবে। দৈবচয়ন (Random) প্রক্রিয়ায় পরীক্ষার্থীদের নিজ আসন ও কক্ষ চিহ্নিত করা একটু সময়সাপেক্ষ। এ পরিপ্রেক্ষিতে নিজ আসন এবং কক্ষ চিহ্নিত করার জন্য পরীক্ষা শুরু হওয়ার ৩০ মিনিট পূর্বে পরীক্ষার্থীকে অবশ্যই পরীক্ষার হলে প্রবেশ করতে হবে অর্থাৎ সকাল ৯.৩০ মিনিটের পর কোন পরীক্ষার্থীকে পরীক্ষার হলে প্রবেশ করতে দেওয়া হবে না। বিষয়টি প্রবেশপত্রে এবং পরীক্ষা পরিচালনা সংক্রান্ত গুরুত্বপূর্ণ নির্দেশনায় উল্লেখ রয়েছে। সুষ্ঠুভাবে পরীক্ষা অনুষ্ঠান এবং হলের সুশৃঙ্খল পরিবেশ অক্ষুণ্ন রাখার স্বার্থে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের পরীক্ষা পরিচালনা সংক্রান্ত গুরুত্বপূর্ণ নির্দেশনা পরীক্ষার্থী এবং সংশ্লিষ্ট সকলকে যথাযথভাবে প্রতিপালন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৩/১১/২০২৬

মোঃ মনিরুজ্জামান
যুগ্মসচিব
পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার)
ফোন: ৫৫০০৬৬৪৪
ই-মেইল: e_cc@bpsc.gov.bd

bekarsfeed.com